# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ২২৪

৫. জুম'আ প্রসঙ্গ (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ ১. জুম'আ দিবসের গোসল

كِتَابُ الْجُمُعَةِ بَاب الْعَمَلِ فِي غُسْلِ يَوْمِ الْجُمُعَةِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا جَاءَ أَحَدُكُمْ الْجُمُعَةَ فَلْيَغْتَسِلْ
قَالَ مَالِك مَنْ اغْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ أَوَّلَ نَهَارِهِ وَهُوَ يُرِيدُ بِذَلِكَ غُسْلَ الْجُمُعَةِ فَإِنَّ ذَلِكَ الْغُسْلَ لَا يَجْزِي عَنْهُ حَتَّى يَغْتَسِلَ لِرَوَاحِهِ وَذَلِكَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فِي حَدِيثِ ابْنِ عُمَرَ إِذَا جَاءَ أَحَدُكُمْ الْجُمُعَةَ فَلْيَغْتَسِلْ قَالَ مَالِك وَمَنْ اغْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ مُعَجِّلًا أَوْ مُؤَخِّرًا وَهُوَ يَنْوِي بِذَلِكَ غُسْلَ الْجُمُعَةِ فَأَصَابَهُ مَا يَنْقُضُ وُضُوءَهُ فَلَيْسَ عَلَيْهِ إِلَّا الْوُضُوءُ وَغُسْلُهُ ذَلِكَ مُجْزِئٌ عَنْهُ

বাংলা

রেওয়ায়ত ৫. আবদুল্লাহ ইবন উমর (রাঃ) হইতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিয়াছেন, তোমাদের কেউ জুম’আর নামাযে আসিতে ইচ্ছা করিলে সে অবশ্য গোসল করিবে।

মালিক (রহঃ) বলিয়াছেন, জুম’আর দিন যে ব্যক্তি দিনের প্রারম্ভে গোসল করিয়াছে, সে ঐ গোসলে জুম’আর গোসলের নিয়ত করিয়াছে, তাহার জন্য সেই গোসল জুম’আর জন্য যথেষ্ট হইবে না যদি না সে জুম’আয় যাওয়ার জন্য পুনরায় গোসল করে; কারণ ইবন উমর (রাঃ)-এর হাদীসে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরমাইয়াছেনঃ তোমাদের কেউ জুম’আয় আসার ইচ্ছা করিলে সে অবশ্যই গোসল করিবে।

মালিক (রহঃ) বলিয়াছেনঃ যে ব্যক্তি জুম’আ দিবসে গোসল করিয়াছে, তাড়াতাড়ি অথবা বিলম্বে, সে এই গোসলের দ্বারা জুম’আর গোসলের নিয়ত করিয়াছে; পরে ওযু যাহাতে ভঙ্গ হয় এমন কিছু ঘটিয়াছে তবে তাহার পূর্বেকার গোসল যথেষ্ট হইরে এবং তাহার উপর কেবলমাত্র ওযু ওয়াজিব হইবে।

## English

Yahya related to me from Malik from Nafi from Ibn Umar that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, "When you come to jumua, do ghusl."

Malik said, "It is not enough for someone to do a ghusl on the day of jumua and intend by it the ghusl for jumua unless he does the ghusl and then sets off. That is because the Messenger of Allah, may Allah bless him and grant him peace, said in the hadith related by Ibn Umar, 'When you come to jumua, do ghusl .' "

Malik said, "If someone does ghusl on the day of jumua and intends by it the ghusl of the day of jumua and then sets out, whether early or late, and does something which breaks his wudu, he only has to do wudu and his ghusl remains valid for him."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=73117

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন